গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ আব নার্সিং একাডেমিক ভবন
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.১১.০০২.১৯- ৯২৮

তারিখঃ ০৬/০৮/১৪২৬
২১/১১/২০১৯

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৬-০৯-২০১৯ খ্রিঃ তারিখের ৪৫.১৫৮.০৬৯.০০.০০.০৪৯.২০১১-৩১৮ সংখ্যক স্মারকে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার নিয়ন্ত্রনাধীন প্রতিষ্ঠান সমূহে নিম্নে বর্ণিত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী রাজস্বখাতভুক্ত শূন্য পদে অস্থায়ীভাবে প্রচলিত নিয়োগ বিধি ও শর্ত অনুযায়ী জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | পিএ টু অধ্যক্ষ<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০২ (দুই) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। | ক্রমিক নং ১ হইতে ১৬ পর্যন্ত যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, টাংগাইল, রাঙ্গামাটি, ফেনী, পাবনা, সিরাজগঞ্জ, খুলনা, কুষ্টিয়া, বাগেরহাট, নড়াইল, চুয়াডাংগা, মাগুরা, বরিশাল, পটুয়াখালী। | ক্রমিক নং ১ হইতে ২৩ পর্যন্ত সকল জেলার এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস তত্ত্বাবধায়ক<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং প্রশাসনিক কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | | |
| ৩. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে বাংলায় ও ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর বাংলায় ও ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ।<br>(এই বিধিমালা মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে) | | |
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয় প্রশিক্ষণ প্রাপ্ত। | | |
| ৫. | লাইব্রেরিয়ান<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতক (সম্মান) ডিগ্রী সহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬. | ল্যাবরেটরি সহকারী<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৫ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেটসহ ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | | |
| ৭. | গাড়ী চালক (ভারী)<br>(গ্রেড: ১৫)<br>বেতন স্কেল: ৯,৭০০-২৩,৪৯০/= | ০৯ (নয়) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা। | | |
| ৮. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। (এই বিধিমালা সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে) | | |
| ৯. | ল্যাব এ্যাসিসটেন্ট<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৩ (তিন) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেট। | | |
| ১০. | স্টোর কিপার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০২ (দুই)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | | |
| ১১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ১৬ (ষোল)টি | ৩০ বৎসর | স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। | | |
| ১২. | ক্যাশিয়ার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৮ (আট) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা। | | |
| ১৩. | সহকারী লাইব্রেরিয়ান<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | | |
| ১৪. | হাউজ কিপার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৬ (ছয়) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট ।<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হবে। | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫. | হোম সিস্টার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৪ (চার) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হবে। | | |
| ১৬. | আর্টিস্ট<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ফাইন আর্ট বিষয়ে স্নাতক ডিগ্রী। | | |
| ১৭. | রেকর্ড কীপার<br>(গ্রেড: ১৯)<br>বেতন স্কেল: ৮,৫০০-২০,৫৭০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | ক্রমিক নং ১৭ হইতে ২৩ পর্যন্ত যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, শরিয়তপুর, মাদারীপুর, টাংগাইল, শেরপুর, রাঙ্গামাটি, কুমিল্লা, পাবনা, কুষ্টিয়া, নড়াইল, মাগুরা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী। | |
| ১৮. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ৬৮(আটষট্টি)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিটিকেট। | | |
| ১৯. | টেবিল বয়<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ১১ (এগার) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |
| ২০. | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ২৯ (উনত্রিশ) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |
| ২১. | মালী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ০৭ (সাত) টি | ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৫ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | | |
| ২২. | বাবুর্চি/ সহকারী বাবুর্চি<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ৪০ (চল্লিশ) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা। | | |
| ২৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ২৬ (ছাব্বিশ) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণ করতে হবেঃ-

১. আবেদনকারীর বয়স বিজ্ঞাপন জারির তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতি/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৩. সরকার নির্ধারিত সকল কোটা যথাযথ অনুসরণ করা হবে।

৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত কোন বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৬. মৌখিক পরীক্ষার সময় সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদপত্র/পত্যয়নপত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার, পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/নাতি/নাতনী/, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং ক্ষুদ্রনৃগোষ্ঠীর প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৮. প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২২/১১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে এবং আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত। উল্লেখ্য যে, সরকারী ছুটির দিন সহ ২৪ ঘন্টা অনলাইনে আবেদন করা যাবে।

১০. অন-লাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের নিয়মাবলীঃ

ক) প্রার্থীকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অন-লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম ও ফি জমাদান সম্পন্ন করতে হবে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থীকে অবশ্যই নির্দেশনা ও বিজ্ঞাপন ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে নিতে হবে।

খ) শুধুমাত্র Application ID (অ্যাপলিকেশন আইডি) প্রাপ্ত প্রার্থীগণ Application ID প্রাপ্তির পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ ০১ থেকে ১৬ নং ক্রমিকের জন্য ১০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ৯.৫০ টাকা সহ মোট ১০৯.৫০/- (একশত নয় টাকা পঞ্চাশ পয়সা) এবং ১৭ থেকে ২৩ নং ক্রমিকের জন্য ৫০ টাকা এবং অনলাইন ফি বাবদ ৬ টাকা সহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা মাত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ) পরীক্ষার ফি প্রদানঃ অন-লাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং প্রার্থীর স্বাক্ষর আপলোড করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র দাখিল সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র দাখিল করা সম্পন্ন হলে প্রার্থী Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে। প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন মোবাইল অপারেটর থেকে bkash করে পরীক্ষার ফি বাবদ ০১ থেকে ১৬ নং ক্রমিকের জন্য ১০৯.৫০/- (একশত নয় টাকা পঞ্চাশ পয়সা) এবং ১৭ থেকে ২৩ নং ক্রমিকের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা দিতে হবে।

১১. বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়াঃ

আবেদনের ওয়েবসাইটের লগইন অপশন থেকে আবেদন নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন।

১ম ধাপঃ বিকাশ পেমেন্ট বাটন-এ ক্লিক করুন। একটি স্ক্রিন দেখা যাবে, উক্ত স্ক্রিনে আপনার বিকাশ একাউন্ট নম্বর দিন এবং শর্তাবলীতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান।

২য় ধাপঃ বিকাশ আপনার একাউন্ট নম্বর হিসেবে ব্যবহৃত মোবাইল নম্বরে ৬ সংখ্যার একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যান।

৩য় ধাপঃ এরপর আপনার বিকাশ একাউন্টের পিন নম্বর দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সফল হলে সাথে সাথেই আপনি একটি কনফার্মেশন এসএমএস পাবেন। পেমেন্ট সফল হওয়ার পরে আপনার পেমেন্ট স্ট্যাটাসটি ওয়েবসাইট থেকে চেক করে নিন।

১২. ছবি আপলোড: সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সাইজ ১০০ কেবি সাইজ ৩০০X৩০০ পিক্সেল JPG ফরমেটে আপলোড করতে হবে।

১৩. প্রার্থীর স্বাক্ষর: আবেদনপত্রে নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে সাদা ব্যাকগ্রাউন্ড সাইজ ২৫০X১৫০ পিক্সেল JPG ফরমেট এ অপলোড করতে হবে।

১৪. প্রবেশপত্র (Admit Card): প্রার্থী তার Application ID ও Password নম্বর ব্যবহার করে ছবি ও স্বাক্ষর সংবলিত প্রবেশপত্র (Admit card) Download করতে পারবেন। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১৫. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট (www.dgnm.gov.bd) ও এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১৬. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ন আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগের পরে ও অসত্য/ভুয়া প্রমানিত হলে আবেদন/নির্বাচন/ নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহের জন্য তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. যে কোন রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৮. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র এবং সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২১.১১.১৯

শিরীনা দেলহর
(অতিরিক্ত সচিব)
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।